

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।



বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২৩/--৭২৭--

তারিখ : ০৬/০৮/২০২৩ খ্রি.

সূত্র : স্মারক নং-০৫(৫৩০) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/৪৮১৫, তারিখ: ১৯/০৭/২০২৩

এতদ্বারা উপর্যুক্ত স্মারকের প্রেক্ষিতে অত্র কলেজের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষের নিয়মিত, অন্যান্য শিক্ষাবর্ষের অনিয়মিত ও মানউন্নয়ন ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০২১ সালের ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষ ফরম পূরণের তারিখ, ফিসের বিবরণ ও অন্যান্য তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো।

ফরম পূরণের তারিখঃ ২০/০৮/২০২৩, ২১/০৮/২০২৩ ও ২২/০৮/২০২৩ তারিখ সকাল ১০.০০টা থেকে ২.০০টা পর্যন্ত।

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ
১.	জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি	১৪০০.০০
২.	কেন্দ্র ফি	৪৫০.০০
৩.	নির্বাচনী পরীক্ষার ফি	৩৫০.০০
	মোট=	২২০০.০০

নিয়মিত ছাত্র-ছাত্রীদের রূপালী ব্যাংক শিওর ক্যাশে (Keyword: GSSCBD) টাকা জমার বিবরণীঃ

১। জাতীয় বিশ্ববিদ্যালয় ও অন্যান্য পাওনাদি	২২০০.০০
২। সেশন ফি (কলেজ)	১৯৮৫.০০
	মোট= ৪১৮৫.০০

- ব্যবহারিক কেন্দ্র ফি প্রতি বিষয়ে ১০০/- টাকা ক্যাশ কাউন্টারে জমা দিতে হবে।
- ব্যবহারিক ফি প্রতি বিষয়ে ১৫০/- টাকা ক্যাশ কাউন্টারে জমা দিতে হবে।
- conditional promoted- (c-promoted) : ১০০০/- (নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি প্রতি পরীক্ষার্থী)।
- এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সব শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নাই তারা সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে শর্ত থাকবে যে, পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না। একই সাথে ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষে অংশগ্রহণ করে নাই ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এ ধরনের শিক্ষার্থী সর্বসাকুল্যে ৬০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে উল্লিখিত শর্তে শুধুমাত্র ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশ নিতে পারবে। উভয় ক্ষেত্রেই রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন নাই এবং উত্তীর্ণ হলে মনোন্নয়ন অংশগ্রহণের সুযোগ পাবে না।

নিয়মিত ছাত্রছাত্রীদের রূপালী ব্যাংক শিওর ক্যাশে (Keyword:GSSCBD) টাকা জমার বিবরণীঃ

রূপালী ব্যাংক শিওর ক্যাশে টাকা পেমেণ্ট পদ্ধতি:

মোবাইল হ্যান্ডসেট থেকে \*495# → Payment → Keyword → Registration No → PinNo → Send

নির্দেশনাসমূহ:

১) নিয়মিত পরীক্ষার্থীদেরকে রূপালী ব্যাংক শিওর ক্যাশের মাধ্যমে উল্লিখিত পরিমাণ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nubd.info/degree-pass](http://www.nubd.info/degree-pass)) থেকে আবেদনপত্র ডাউনলোড করে রূপালী ব্যাংক শিওর ক্যাশে টাকা জমা দেওয়ার ট্রানজেকশন আইডি আবেদন ফরমের উপর লিখে রেজিস্ট্রেশন কার্ড সংযুক্ত করে আবেদন ফরম ইতিহাস বিভাগে জমা দিতে হবে।

২) অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে কলেজের ক্যাশ কাউন্টারে টাকা জমা দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nubd.info/degree-pass](http://www.nubd.info/degree-pass)) থেকে আবেদনপত্র ডাউনলোড করে ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লিখিত টাকার সঙ্গে ৫০০/- (কেন্দ্র ফি ৪৫০/- ও ব্যবস্থাপনা ফি ৫০/-) যোগ করে মোট টাকা ক্যাশ কাউন্টারে জমা দিতে হবে। আবেদন ফরমের সঙ্গে রেজিস্ট্রেশন কার্ড, ডিগ্রী পাস কোর্স ১ম ও ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র, ফলাফল শিটের প্রত্যেকটির ১টি ফটোকপি সংযুক্ত করে ইতিহাস বিভাগে জমা দেওয়ার জন্য বলা হলো।

বি: দ্র:(১) অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন ডিগ্রী পাস কোর্সের ছাত্র-ছাত্রীদের কলেজের ক্যাশ কাউন্টারে টাকা জমা দিতে হবে। তাদেরকে অন লাইন হতে ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লিখিত টাকার সঙ্গে ৫০০/- টাকা (কেন্দ্র ফি ৪৫০/- ও ব্যবস্থাপনা ফি ৫০/-) যোগ করে মোট টাকা ক্যাশ কাউন্টারে জমা দিতে হবে। উল্লেখ্য যে, অনিয়মিত পরীক্ষার্থী যারা ৩য় বর্ষের সেশন ফি প্রদান করেনি তাদের সেশন ফি বাবদ ১৯৮৫/- কলেজের ক্যাশ কাউন্টারে নগদ জমা দিতে হবে।

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

অধ্যক্ষ  
সরকারি শাহ সুলতান কলেজ  
বগুড়া।

০৬.০৮.২০২৩

(মোছাঃ স্বপ্না খাতুন)

সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ

আস্থায়ক

ডিগ্রী পাস কোর্স ৩য় বর্ষের ১ম ও ২য় ইনকোর্স, নির্বাচনী, ফরম পূরণ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা-২০২১ পরিচালনা কমিটি

অনুলিপি:

১. উপাধ্যক্ষ; ২. সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ; ৩. সম্মানিত বিভাগীয় প্রধান (সকল), অত্র কলেজ। ৪. আস্থায়ক, ২০২১ সালের ডিগ্রী পাস কোর্স পরীক্ষা কমিটি; ৫. কলেজ ওয়েব সাইট; ৬. নোটিশ বোর্ড; ৭. অফিস নথি।